**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ বিলোনিয়া মহকুমার বিভিন্ন গ্রাম সফর করেন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় এক বৈঠকে রাজ্যের জনগনের সার্বিক কল্যাণে গৃহীত প্রকল্পগুলি পর্যালোচনা করেন।**

**(৩) সংসদে অনলাইন গেমিং প্রচার ও নিয়ন্ত্রণ বিল, ২০২৫ পাস হয়েছে, আজ রাজ্যসভায় বিলটি অনুমোদন পয়েছে ।**

**(৪) দীপাবলি এবং ছট উৎসবে যাত্রীদের সুবিধার্থে ১২ হাজারেরও বেশি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে ।**

**(৫) ছত্তিশগড়ে আয়োজিত জাতীয় সাবজুনিয়র ফুটবল প্রতিযোগিতার বালিকা বিভাগের আসরে ত্রিপুরা দুটি ম্যাচে জয়লাভ করেছে ।**

*****************************************

**Governor Visit–South :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ বিলোনিয়া মহকুমার বিভিন্ন গ্রাম সফর করে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে গ্রামীণ এলাকার জনগণ কিভাবে উপকৃত হচ্ছে সে বিষয়ে বিস্তারিত খোঁজ খবর নেন। তিনি বিলোনিয়া মহকুমার দক্ষিণ মতাই, ঈশানচন্দ্র নগর, বাতিসা ভিলেজ ও রাধানগর গ্রাম পঞ্চায়েত এলাকার জনগণের সঙ্গে মত বিনিময় করেন।

দুইদিনের দক্ষিন জেলা সফরে এসে প্রথমেই রাজ্যপাল আজ বিলোনিয়া সার্কিট হাউসের দক্ষিণ জেলা প্রশাসন ও আরক্ষা প্রশাসনের উচ্চ পদস্থ

আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। দক্ষিণ মতাই গ্রাম পঞ্চায়েতে কৃষকদের পান ক্ষেতে গিয়ে পান চাষের সমস্যাগুলি সম্পর্কে অবহিত হন। আগামীকাল সাব্রুম মহকুমার তৈকুম্ভা এডিসি ভিলেজ ও সীমান্ত গ্রাম পশ্চিম সাব্রুম ভিলেজে পরিদর্শনে যাবার কর্মসূচি রয়েছে রাজ্যপালের।

***************************

**CM Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় ওয়াররুমে এক বৈঠকে রাজ্যের জনগনের সার্বিক কল্যাণে গৃহীত প্রকল্পগুলি পর্যালোচনা করেন। জনকল্যাণমুখী প্রকল্পগুলি আরো দ্রুত বাস্তবায়নের জন্য তিনি জেলাশাসক ও প্রশাসনের উচ্চ পদস্থ আধিকারিকদের নির্দেশ দেন। তাছাড়া প্রকল্পের কাজগুলি যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা এবিষয়ে নজরদারির জন্য জনপ্রতিনিধিদের পরামর্শ দেন।

****************************

**Felicitation-Ratan lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন শিক্ষার্থীরা জাতির ভবিষ্যৎ। তারা পরবর্তী প্রজন্মের নেতা, উদ্ভাবক এবং সমাজের অবদানকারীদের প্রতিনিধিত্ব করে এবং তাদের উন্নয়ন একটি জাতির অগ্রগতি ও সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজ মোহনপুর বিজেপি মন্ডল যুব মোর্চার উদ্যোগে মোহনপুর পুর পরিষদ প্রাঙ্গনে আয়োজিত এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের সম্বর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন।

***************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহার নেতৃত্বে রাজ্যে জনমুখী নানা প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। বিশেষ করে প্রত্যন্ত এলাকার মানুষ যাতে হাতের কাছে আধুনিক স্বাস্থ্য পরিষেবা পেতে পারেন, সেই লক্ষ্যে স্বাস্থ্য ব্যবস্থার

পরিকাঠামোগত উন্নয়নে জোর দিয়েছে সরকার। আজ তেলিয়ামুড়া মহকুমার মুঙ্গিয়াকামী বাজারে নির্মীয়মান স্বাস্থ্যকেন্দ্রের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে এসে তিনি একথা বলেন।

***************************

**Package Story- Water Resource :**

রাজ্যের সার্বিক জলসেচ ব্যবস্থার তত্ত্বাবধানে আছে পূর্ত দপ্তরের জলসম্পদ বিভাগ। একইসঙ্গে রাজ্যের দশটা প্রধান নদী ও ছড়ার জলকে নানাভাবে কৃষি সহ বিভিন্ন প্রয়োজনে কাজে লাগানোর সুচারু ব্যবস্থাপনার দায়িত্ব পালনেও জলসম্পদ বিভাগ সক্রিয়। এক্ষেত্রে সারাবছরের জলের যোগানের স্বার্থে খুবই সঙ্গত ভাবে বিভিন্ন ধরণের উৎসগুলি সম্পর্কে ডাটাবেস বা বিস্তারিত তথ্য ভান্ডার গড়ে তোলা বর্তমান সময়ের স্বাভাবিক দাবি। বিশেষ করে পাহাড়ি এলাকায় বছরভর জল যোগানের উৎস ঝর্ণাগুলি বিরাট ভরসা বলাই বাহুল্য। একটি প্রতিবেদন।

###########VC###########

*********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Online Gaming Bill :**

সংসদে অনলাইন গেমিং প্রচার ও নিয়ন্ত্রণ বিল, ২০২৫ পাস হয়েছে, আজ রাজ্যসভায় বিলটি অনুমোদন পয়েছে। এই বিল ই-স্পোর্টস এবং অনলাইন সোশ্যাল গেমগুলিকে উৎসাহিত করে এবং একইসাথে ক্ষতিকারক অনলাইন মানি গেমিং পরিষেবা, বিজ্ঞাপন এবং আর্থিক লেনদেন নিষিদ্ধ করে। এই ক্ষেত্রের সমন্বিত নীতি সহায়তা, কৌশলগত উন্নয়ন এবং নিয়ন্ত্রক তত্ত্বাবধানের জন্য এক অনলাইন গেমিং কর্তৃপক্ষ গঠনের বিধান রয়েছে। বিলের উদ্দেশ্য হল যুবসমাজ এবং দুর্বল জনগোষ্ঠী সহ সাধারন মানুষকে এই ধরনের গেমের প্রতিকূল সামাজিক, অর্থনৈতিক, মানসিক এবং গোপনীয়তা সম্পর্কিত প্রভাব থেকে রক্ষা করা। বিলটিতে অনলাইন মানি গেম অফার, পরিচালনা বা সহায়তা প্রদানের উপর সম্পূর্ণ নিষেধাজ্ঞার বিধান রয়েছে। অনলাইন মানি গেমিং সম্পর্কিত আইন লঙ্ঘনের ক্ষেত্রে তিন বছর পর্যন্ত কারাদণ্ড এবং এক কোটি টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ডের বিধান রয়েছে।

#####Byte- Ashwini Vaishnaw#####

এদিকে, আজই সংসদের বর্ষাকালীন অধিবেশন শেষ হয়েছে। অধিবেশনে ১৪টি বিল পাশ হয়েছে। সংসদে অপারেশন সিন্দুর নিয়ে একটি বিশেষ আলোচনাও হয়েছে।

****************************

**Special Train :**

দীপাবলি এবং ছট উৎসবে যাত্রীদের সুবিধার্থে ১২ হাজারেরও বেশি বিশেষ ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে রেলওয়ে। আজ নতুনদিল্লিতে সাংবাদিক সম্মেলনে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আরও ঘোষণা করেছেন যে ১৩ থেকে ২৬ অক্টোবরের মধ্যে ভ্রমণকারী এবং ১৭ নভেম্বর থেকে ১লা ডিসেম্বরের মধ্যে ভ্রমণকারী যাত্রীদের ফিরতি টিকিটে ২০ শতাংশ ছাড় দেওয়া হবে। তিনি বলেন, এই উদ্যোগটি এই উৎসবের মরশুমে বাস্তবায়িত হবে এবং এর ফলে বিপুল সংখ্যক মানুষ উপকৃত হবেন। মন্ত্রী জানান যে গয়া থেকে দিল্লি, সহরসা থেকে অমৃতসর, ছাপরা থেকে দিল্লি এবং মুজাফফরপুর

থেকে হায়দ্রাবাদ পর্যন্ত চারটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন চালু করা হবে। তিনি বলেন, ভগবান বুদ্ধের সঙ্গে সম্পর্কিত গুরুত্বপূর্ণ স্থানগুলিকে অন্তর্ভুক্ত করে একটি নতুন সার্কিট ট্রেনও চালু করা হবে।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

****************************

**CPIM-Press Meet :**

প্রাক্তন মন্ত্রী মানিক দে অভিযোগ করেছেন, আগরতলা স্মার্ট সিটি প্রকল্পে একাধিক কাজ আজও অসম্পূর্ণ অবস্থায় রয়ে গেছে। আজ আগরতলায় সিপিআইএম দলীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি এই অভিযোগ করে বলেন আগরতলায় জলাশয় সংস্কার সহ প্রস্তাবিত বহু কাজ শুরু হয়নি। পাশাপাশি আগরতলার গণপরিবহন ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়েছে বলে তিনি দাবি করেন। তিনি শহরের বর্জ্য নিষ্কাসন ব্যবস্থাপনা, বর্জ্য পরিশোধন ব্যবস্থা, শহরের নিকাশি লাইন ও পানীয় জলের সমস্যা বিস্তারিত উল্লেখ করে সরকারের কাজকর্মের সমালোচনা করেন। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সিপিএম নেতা অমল চক্রবর্তী।

*****************************

**Bhadra Mela :**

দু'দিনব্যাপী ঐতিহ্যবাহী ভাদ্রমেলা আগামীকাল থেকে কমলাসাগরে কসবেশ্বরী মন্দিরে শুরু হবে। আগামীকাল সন্ধ্যায় মেলার উদ্বোধন করবেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মণ। উপস্থিত থাকবেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায় প্রমুখ। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে দোকানিরা আজ থেকেই মন্দির প্রাঙ্গনে পসরা সাজিয়ে বসতে শুরু করেছেন।

****************************

**Sub-Junior Football :**

ছত্তিশগড়ে আয়োজিত জাতীয় সাবজুনিয়র ফুটবল প্রতিযোগিতার বালিকা বিভাগের আসরে ত্রিপুরা দুটি ম্যাচে জয়লাভ করেছে। আজ শেষ খেলায় রাজ্যদল ৬-০ গোলে চন্ডীগড়কে পরাজিত করে। এরআগে রাজ্যদল ২-১ গোলে উত্তরাখন্ডকে হারায়। গ্রুপের অপর খেলায় তেলেঙ্গানা ৩-০ গোলে ত্রিপুরাকে পরাজিত করে। রাজ্যদলের গোলরক্ষক আলিশা রাঙ্খল ও নিনা ত্রিপুরা ভারতীয় দলের ট্রায়ালে ডাক পেয়েছে। টিএফএ সচিব অমিত চৌধুরী এখবর জানান।

*************************

**Sports School Winner :**

দিল্লীতে সুব্রত মুখার্জি কাপ জাতীয় স্কুল ফুটবলের অনূর্ধ্ব ১৭ বছরের মেয়েদের বিভাগে ত্রিপুরা স্পোর্টস স্কুল গ্রুপের দ্বিতীয় ম্যাচে ড্র করেছে। আজ তেজশ পার্ক মাঠে ত্রিপুরা স্পোর্টস স্কুল ১-১ গোলে বিহারের স্কুল দলের সাথে ড্র করে।

*************************

**Corporate Trophy :**

জার্নালিস্ট রিক্রিয়েশন ক্লাবের উদ্যোগে আগামী শনিবার থেকে আমতলি স্কুল মাঠে শুরু হচ্ছে কর্পোরেট টি-১০ ক্রিকেট প্রতিযোগিতা। আজ আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে ক্লাবের সম্পাদক অভিষেক দে

জানান, প্রতিযোগিতায় বিভিন্ন ব্যাংক, দন্ত চিকিৎসকদের সংগঠন ছাড়াও ও.এন.জি.সি, টি..এনজি.সি.এল অংশ নেবে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ জেলায় ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া পশ্চিম, সিপাহীজলা, খোয়াই, ধলাই ও গোমতী জেলায় ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২.৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস।

*************************

**Disaster Management-South :**

এদিকে, আমাদের দক্ষিণ জেলার সংবাদদাতা বিপ্লব বৈদ্য জানিয়েছেন, আগামী ২৫শে আগষ্ট পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সতর্কতার পরিপ্রেক্ষিতে শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, মহকুমা শাসক মনোজ কুমার সাহা এবং বিভিন্ন সরকারি দপ্তরের পদস্থ আধিকারিকগণ। সভায় সম্ভাব্য ভারী বর্ষণের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে আগাম প্রস্তুত থাকতে বলা হয়। তাছাড়া মহকুমার নদীগুলির জলস্তর, বন্যাপ্রবণ এলাকা এবং ভূমিধ্বস প্রবণ এলাকাগুলির উপর সতর্ক নজর রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রস্তুত থাকতে বলা হয় উদ্ধারকারি দলগুলিকে।

***************************